গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.০০.০০০০.১০৪.৩৯.০০১.২৩-৭৩ (১৪) তারিখঃ ০২.০৩.২০২৩

**বিষয় : অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।**

| | |
|---|---|
| ১৫ | সচিব<br>ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন- ক্যাডার [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের শিক্ষানবিশ সহকারী সচিব (ড্রাফটিং), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/ অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/ অকারিগরি] কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ এর বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য অবশ্যই আগামী ০৯ মার্চ ২০২৩ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ৩০ মার্চ ২০২৩ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে কমিশনের ওয়েবসাইটে অনলাইনে আবেদনপত্র [সফট কপি] নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের প্রিন্টেড এক কপি (হার্ড কপি) প্রার্থী এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সিল ও স্বাক্ষরের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং এক কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ১৩ এপ্রিল ২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র [কারণ যাই হোক না কেন] বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয় এবং আবশ্যকীয় এ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন। আবেদন করার লিংক: www.bpsc.gov.bd অথবা http://bpsc.teletalk.com.bd

৩. এ সাথে সংযুক্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি অনুসরণ করত: অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী বিজ্ঞপ্তির ১ (এক) কপি।

০২/০৩/২০২৩

**মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল**
পরিচালক (উপসচিব)
ফোন : ৫৫০০৬৬২৫
ই-মেইল : directorunit04@bpsc.gov.bd

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর

| | |
|---|---|
| ডাইরী নং- ২৮২ | তারিখ: ৭/৩ |
| পেশ করুন | আলোচনা করুন |
| যুগ্ম-সচিব(প্রশাসন) | যুগ্ম-সচিব(ডাক)/(নিরীক্ষা) |
| | ব্যক্তিগত কর্মকর্তা |

৭/৩/২৩
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
যুগ্ম সচিব (প্রশাসন) এর দপ্তর

| | |
|---|---|
| ডাইরী নং- ২২৩ | তারিখ: ০৭/০৩/২০২৩ |
| প্রশাসন-১ | উপসচিব ডাক-১ |
| প্রশাসন-১ (সংসদ) | উপসচিব ডাক- |
| প্রশাসন-২ (বাজেট) | যুগ্ম-সচিব নিরীক্ষা |
| প্রশাসন-৩ (সেবা সমন্বয়) | |

যুগ্ম সচিব (প্রশা-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.১০৪.৩৯.০০১.২৩-৭২ তারিখঃ ০২.০৩.২০২৩

**বিষয় : বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ অনুষ্ঠান সংক্রান্ত।**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের শিক্ষানবিশ সহকারী সচিব (ড্রাফটিং), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/অকারিগরি কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, **জুন-২০২৩**, অনুষ্ঠানের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকা ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০২. **আগামী ০৯ মার্চ ২০২৩ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ৩০ মার্চ ২০২৩ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের পর প্রিন্টেড ১ কপি [হার্ড কপি] সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১ কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ১৩ এপ্রিল ২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদন (হার্ডকপি) বাতিল হবে।** আবেদনপত্রের প্রিন্টেড কপিতে [হার্ড কপি] আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে, অন্যথায় তা বাতিল হবে। আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল হবে। **বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে যেন কোনো কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত না হন সে দিকে সজাগ দৃষ্টি প্রদানের জন্য অনুরোধ করা হলো।**

০৩. **যে সকল কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্ত [এন-ক্যাডার] করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র [হার্ডকপি] এর সাথে সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল হবে।**

০৪. অনলাইনে আবেদনপত্র [অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার ফরম] পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ
বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবাhttp://bpsc.teletalk.com.bd ওপেন করে অনলাইন রেজিস্ট্রেশন সেবা বক্সে বিভাগীয় পরীক্ষা লিংকে ক্লিক করে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করতে হবে: Application for departmental examination cadre/Non Cadre ⇨ Session ⇨ June-2023 ⇨ Cadre/ Non Cadre Name ⇨ Submit। Online ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। Online Form-এ ৪ (চার)টি Section রয়েছে, Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং Online এর BPSC Departmental (Cadre/Non Cadre) Form এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য সূক্ষভাবে অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য **পরীক্ষার্থীদের National ID নম্বর, ছবির ইমেজ** ৩০০X৩০০ পিক্সেলস (**pixels**), ফাইল সাইজ ১০০ কেবি'র কম এবং স্বাক্ষরের ইমেজ ৩০০X ৮০ পিক্সেলস (**pixels**), ফাইল সাইজ ৬০ কেবি'র কম হতে হবে। পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য ও অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে এবং প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। যোগ্য প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে প্রবেশপত্র প্রিন্ট করে সংগ্রহ করতে হবে।

০৫. অনলাইনে আবেদন ফরম পূরণে কোনো সমস্যা হলে ৫৫০০৬৭১৩ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। জটিলতা এড়ানোর লক্ষ্যে অপেক্ষা না করে দ্রুত আবেদনপত্র দাখিলের সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো।

০২/০৩/২০২৩

**মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল**
পরিচালক (উপসচিব)
ফোন : ৫৫০০৬৬২৫
ই-মেইল : directorunit04@bpsc.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০০১.১৬.০১৫.১৭.১২২১

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯
১৩ মার্চ ২০২৩

বিষয়: **অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ এ অংশগ্রহণেচ্ছুক কর্মকর্তাদের পরীক্ষা গ্রহণ।**

সূত্র: বিপিএসসি'র পত্র নং-৮০.০০.০০০০.১০৪.৩৯.০০১.২৩-৭৩(১৫); তারিখ: ০২ মার্চ ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের ছায়ালিপি এ সাথে প্রেরণ করা হলো। পত্রের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের জন্য অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩-এ অংশগ্রহণেচ্ছুক কর্মকর্তাদের আগামী ০৯ মার্চ ২০২৩ তারিখ হতে ৩০ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত অনলাইনে (www.bpsc.gov.bd অথবা http://bpsc.teletalk.com.bd) আবেদনপত্র পূরণ করে হার্ডকপি ০৫ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩-৩-২০২৩
মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব ( প্রশাসন-১)
ফোন: ০২ ৯৫১৪৪৪৯
ফ্যাক্স: ০২ ৯৫১৫৫৯৯
ইমেইল: admin1@ptd.gov.bd

বিতরণ :
১) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, ডাক অধিদপ্তর
২) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, টেলিযোগাযোগ অধিদপ্তর

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০০১.১৬.০১৫.১৭.১২২১/১

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯
১৩ মার্চ ২০২৩

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:**
১) প্রোগ্রামার, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১৩-৩-২০২৩
মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব ( প্রশাসন-১)

জেনারেল ম্যানেজারের কার্যালয়
22 MAR 2023
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা।

জেনারেল ম্যানেজারের কার্যালয়
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা-১০০০
অতিরিক্ত জেনারেল ম্যানেজার
ডেপুটি জেনারেল ম্যানেজার
সহকারী জেনারেল ম্যানেজার (অফিস)
হিসাবরক্ষণ কর্মকর্তা
সুপারিনটেনডেন্ট (অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক অধিদপ্তর, ডাক ভবন
শেরে বাংলা নগর, আগাঁরগাও, ঢাকা-১২০৭
শাখাকর্মকর্তা (স্টাফ-১) এর দপ্তর
www.bdpost.gov.bd

স্মারক নম্বর: ১৪.৩১.০০০০.০২৭.১৮.৪০৫.২০.৭০৫

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ এ অংশগ্রহণেচ্ছুক কর্মকর্তাদের পরীক্ষা গ্রহণ।**

সূত্র: ১৪.০০.০০০০.০০১.১৬.০১৫.১৭.১২২১ ১৩ মার্চ ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের ছায়ালিপি এ সাথে প্রেরণ করা হলো। পত্রের নির্দেশনা অনুযায়ী অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৩ এ বিসিএস (পোস্টাল) কর্মকর্তাগণের মধ্যে হতে যে সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদের আবেদনপত্র প্রিন্টেড কপি (হার্ড কপি) এবং প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্রসহ ০৩ সেট করে আগামী ২৮ মার্চ, ২০২৩ খৃস্টাব্দ তারিখের মধ্যে এই দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি: মন্ত্রণালয় ও বিপিএসসির পত্র।

১৪-০৩-২০২৩
মোঃআলতাফুর রহমান
পরিচালক (কর্মী ও সংস্থাপন)
ফোন: ৫৮১৬০৭০৬।

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পোস্টামাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা।;
২। পোস্টমাস্টার জেনারেল, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা।;
৩। পোস্টমাস্টার জেনারেল, দক্ষিণাঞ্চল, খুলনা।;
৪। পোস্টমাস্টার জেনারেল (অতিরিক্ত দায়িত্ব), পূর্বাঞ্চল, চট্টগ্রাম।;
৫। পোস্টমাস্টার জেনারেল (চলতি দায়িত্ব), উত্তরাঞ্চল, রাজশাহী।;
৬। জেনারেল ম্যানেজার, ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা।;
৭। জেনারেল ম্যানেজার, ডাক জীবন বীমা, পশ্চিমাঞ্চল, রংপুর। এবং
৮। প্রোগ্রামার, ডাক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) বিপিএসসির অর্ধ-বার্ষিকী পরীক্ষা বিজ্ঞপ্তি।

(২) ১৪.৩১.০০০০.০২৭.১৮.৪০৫.২০.৬৩০ -

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেনারেল ম্যানেজারের কার্যালয়
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা-১০০০
http://pliec.bdpost.gov.bd

নথি নং- ১৪.৩১.০০০০.৬০৬.৯৯.৮১.২৩.

তারিখ: চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলোঃ-

১-২। রিজিওনাল ম্যানেজার, ডাক জীবন বীমা, ঢাকা/চট্টগ্রাম।

৩-৭। সহকারী জেনারেল ম্যানেজার (ফিল্ড), ডাক জীবন বীমা,ঢাকা/চট্টগ্রাম।

১০। অফিস কপি।

(শংকর কুমার চক্রবর্তী)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ডাক জীবন বীমা,পূর্বাঞ্চল, ঢাকা।
ফোনঃ ০২-৪১০৫২৩৭৬